

5. বচনে রূপান্তর কর :

- (i) ইন্দিরা গান্ধী ভারতের প্রধানমন্ত্রী ছিলেন।
- (ii) মানুষ ঠেকে শেখে।
- (iii) জঙ্গলে একটি শাল গাছও নেই।
- (iv) যাদের দরিদ্র বলে মনে হয় তারা সবাই দরিদ্র নয়।
- (v) সব শিক্ষক জোরে কথা বলতে পারেন না।
- (vi) দাড়িওয়ালা মহিলা নেই।
- (vii) প্রায় সব ছাত্রই বিজ্ঞান পড়তে চায়।
- (viii) কিশোরেরা কদাচিৎ বাধ্য হয়।
- (ix) যেখানেই উন্নতি, সেখানেই পরিশ্রম।
- (x) মন ছাড়া আর কোনো দ্রব্য চেতন নয়।
- (xi) সব ভালো তার শেষ ভালো যার।
- (xii) মানুষ স্বয়ংসম্পূর্ণ নয়।
- (xiii) 'বোম্বাইর বোস্বেটে' সিনেমাটি খুব কম কিশোরই দেখেনি।
- (xiv) সুন্দর মুখ সদাই আদৃত।
- (xv) শাস্ত উত্তরে ক্রোধ প্রশমিত হয়।
- (xvi) আঙুর নাসিক থেকে আসে।
- (xvii) একমাত্র উন্নয়নশীল দেশেই সর্বশিক্ষা অভিযান চলে।

(xviii) মতান্তর থেকেই মনান্তর তৈরি হয়।

(xix) আজকাল কলেজে প্রায় কোনো মেয়েই শাড়ি পরে না।

(xx) আকাশে সময়টা এখন ভালো নয়।

6. বচনে রূপান্তর কর (কোলকাতা বিশ্ববিদ্যালয়ের কয়েক বছরের প্রশ্ন)

1982

1. যারাই গির্জায় যায় তারাই সাধু নয়।
2. সেই প্রার্থনা করে যে ভালোবাসে।
3. মহান হওয়া মানেই তাকে ভুল বোঝা।
4. কেবল দার্শনিকরাই এ ধরনের বিষয়ে অসুবিধা বোধ করেন।

1983

5. মাঝে মাঝে আমাদের সকল চেষ্টা ব্যর্থ হয়।
6. যে সকলকেই প্রশংসা করে সে কাউকেই প্রশংসা করে না।
7. ভালো হিসাবরক্ষক কখনও ভুল করতে পারে না।
8. জনপ্রিয় প্রচারক সবসময় দক্ষ যুক্তিবিদ হন না।

1984

9. সব কিছুই ঠিক নয়, যা দেখে মনে হয়।
10. যদি কোনো দেশ স্বাধীন হয়, তাহলে তা উন্নতিশীল।
11. সে তার নিজের ছায়া দেখতে পায় না, যে সূর্যের দিকে মুখ করে দাঁড়িয়ে থাকে।
12. মূর্খ ছাড়া কেহই মূর্খদের মহান মনে করে না।

1985

13. খুব কম লোকই প্রকৃত সুখী।
14. পরিচিতি লোভ বাড়ায়।
15. কোনো কিছুই একত্রে বৃত্ত ও চতুষ্কোণ নয়।
16. সব ভালো তার শেষ ভালো যার।
17. ইচ্ছা থাকলেই উপায় হয়।

1986

18. খুব কম লোক সত্রেটিসের নাম জানে।
19. বোকারাই এরূপ আচরণ করে।
20. সব গল্পই বিশ্বাসযোগ্য নয়।
21. টেবিলটি অপসারণের জন্য অল্প লোক যথেষ্ট নয়।

1987

22. কেবলমাত্র মুষ্টিমেয় ভারতীয়রা বিজ্ঞানী।
23. যে পলায়ন করে সেই ভীক।
24. পূর্ববর্তী বিজ্ঞানীরাই একমাত্র উপযুক্ত নয়।
25. খুব কম লোক স্বার্থপর নয়।